ইত্তেফাক

5/11/79

003

# চার শতাধিক বৎসর যে চিত্র নিখোঁজ ছিল—

দারহাম (উত্তর ক্যারোলিনা) ৩রা নভেম্বর (রয়টার)—চার শতাধিক বৎসর যাবৎ লাপাত্তা লিউনার্দো দা ভিঞ্চির একটি অসমাপ্ত ফ্রেসকো চিত্র সম্প্রতি আরেকটি চিত্রের নীচে পাওয়া গিয়াছে বলিয়া দুইজন মার্কিন অধ্যাপক জানাইয়াছেন। 'আংঘিয়ারির যুদ্ধ' নামক ফ্রেসকোটি ফ্লোরেন্সের প্লাজো ভেশিওতে শিল্পী ভাসারীর একটি মুরালের নীচে পাওয়া যায়। মার্কিন অধ্যাপক জন স্পেনসার এক সাংবাদিক সম্মেলনে বলেন, ফ্রেসকোটি ভিঞ্চির সবচাইতে গুরুত্বপূর্ণ না হইলেও সবচাইতে গুরুত্বপূর্ণ মাত্র কয়েকটি চিত্রের অন্যতম হইতে পারে। শিল্পী রুবেন এবং রাফায়েলের লেখা হইতে এই চিত্রটির কথা শিল্পরসিকরা গত কয়েক শতাব্দী যাবৎ শুনিয়া আসিলেও ইহার অবস্থান ছিল অজ্ঞাত।